গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**শৃঙ্খলা শাখা**

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩২.১৭(অংশ-১)- তারিখঃ /০৭/২০১৯ খ্রি.

বিষয়ঃ জনাব বকুল কুমার রায়, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট-এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' -এর দায়ে বিভাগীয় মামলা রুজু।

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব বকুল কুমার রায়, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট গত ২৫ জুলাই ২০১৮খ্রি: তারিখে অনুষ্ঠিত জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলার বড়াইল ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৮ এর ৫নং ভোট কেন্দ্র হিন্দা উচ্চ বিদ্যালয়ে প্রিজাইডিং অফিসার হিসেবে নিয়োগ দায়িত্ব পালন করেন।

যেহেতু উক্ত নির্বাচনে আপনি অন্যান্য পদসহ ০৫ নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদের নির্বাচনের ভোট গণনার বিবরণী (ফরম-ঞ-২) ভোট কেন্দ্রে প্রকাশ করেন এবং এর ভিত্তিতে রিটানিং অফিসার কর্তৃক ফলাফল নির্বাচন কমিশনে প্রেরণ করা হয়। কিন্তু নির্বাচনের ৪ দিন পর অর্থাৎ ২৯ জুলাই ২০১৮ তারিখে আপনি রিটার্নিং অফিসার বরাবর লিখিত আবেদনে জানান যে, ভোট গ্রহণ শেষে সাধারণ আসনের সদস্য পদের ফলাফলের মৌখিক ঘোষণা এবং লিখিত ফলাফলের মধ্যে ত্রুটি হয়ে যায়। আপনি নির্বাচনের দিন মোরগ মার্কা ৬৬৩টি ভোট ও ফুটবল মার্কা ৬৫৬টি ভোট পেয়েছে মর্মে মৌখিক ঘোষণা প্রদান করেন, যা প্রকৃতপক্ষে সঠিক মর্মে আপনি জানান। কিন্তু ভোট গণনার ফরম লিখার সময় আপনি ভোট গণনার বিবরণী (ফরম-ঞ-২)তে ভুল তথ্য প্রদান করেছেন। অর্থাৎ প্রকৃত পক্ষে মোরগ মার্কা ৬৬৩টি এবং ফুটবল মার্কা ৬৫৬টি ভোট পেয়েছে মর্মে আপনি জানান। কিন্তু আপনি ভোট গণনার বিবরণী (ফরম-ঞ-২)তে মোরগ মার্কা ৬৫৬টি এবং ফুটবল মার্কা ৬৬৩টি ভোট পেয়েছে মর্মে লিপিবদ্ধ করে রিটানিং অফিসারের কার্যালয়ে দাখিল করেছেন;

যেহেতু, আপনি প্রিজাইডিং অফিসার হিসেবে নির্বাচনি দায়িত্ব পালনের ক্ষেত্রে চরম অবহেলার পরিচয় দিয়েছেন

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ নির্বাচন কমিশন কর্তৃক কৃত প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে এবং যেহেতু আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' হিসাবে গণ্য এবং শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। । উক্ত অভিযোগের **দায়ে কেন আপনাকে সরকারি চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না বা উক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না,** সে সম্পর্কে আত্মপক্ষ সমর্থনে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কি-না, তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

( শেখ ইউসুফ হারুন )
সচিব

জনাব বকুল কুমার রায়
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
ক্ষেতলাল, জয়পুরহাট।

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.২৭.০২১.১৯- ৮৬ | তারিখঃ ৮/০৭/২০১৯ খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অয়েবসাইটে প্রকাশ, অভিযুক্ত কর্মকর্তার ই-মেইলে প্রেরণ এবং তাঁর সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরণপূর্বক (যদি বিলি না হয়ে থাকে সেক্ষেত্রে সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় লটকায়ে জারিকরণপূর্বক ফেরতখামসহ) তার প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের অনুরোধসহ)।

২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট

৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোন-৯৫৪৫৬৬[illegible]

অভিযোগ বিবরণী

জনাব বকুল কুমার রায়, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট-এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, গত ২৫ জুলাই ২০১৮খ্রি: তারিখে অনুষ্ঠিত জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলার বড়াইল ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৮ এর ৫নং ভোট কেন্দ্র হিন্দা উচ্চ বিদ্যালয়ে তাকে প্রিজাইডিং অফিসার হিসেবে নিয়োগ প্রদান করা হয় । উক্ত নির্বাচনে তিনি অন্যান্য পদসহ ০৫নং সাধারণ ওয়ার্ডের ভোট গণনার বিবরণী (ফরম-ঞ-২) ভোট কেন্দ্রে প্রকাশ করেন। এর ভিত্তিতে রিটানিং অফিসার কর্তৃক ফলাফল নির্বাচন কমিশনে প্রেরণ করা হয় । কিন্তু নির্বাচনের ৪দিন পর অর্থাৎ ২৯ জুলাই ২০১৮ তারিখে তিনি রিটার্নিং অফিসার বরাবর লিখিত আবেদনে জানান যে, ভোট গ্রহণ শেষে সাধারণ আসনের সদস্য পদের ফলাফলের মৌখিক ঘোষণা এবং লিখিত ফলাফলের মধ্যে ত্রুটি হয়ে যায়। তিনি ভোট গণনার বিবরণী (ফরম-ঞ-২)তে ভুল তথ্য প্রদান করেছেন অর্থাৎ প্রকৃত পক্ষে মোরগ মার্কা ৬৬৩টি এবং ফুটবল মার্কা ৬৫৬টি ভোট পেয়েছে মর্মে নির্বাচন কেন্দ্রে তিনি মৌখিক ঘোষণা প্রদান করেছেন। কিন্তু তিনি ভোট গণনার বিবরণী (ফরম-ঞ-২)-তে মোরগ মার্কা ৬৫৬টি এবং ফুটবল মার্কা ৬৬৩টি ভোট পেয়েছে মর্মে লিপিবদ্ধ করে রিটানিং অফিসারের কার্যালয়ে দাখিল করেছেন ।

তিনি প্রিজাইডিং অফিসার হিসেবে নির্বাচনি দায়িত্ব পালনের ক্ষেত্রে চরম অবহেলার পরিচয় দিয়েছেন।

তার বিরুদ্ধে আনীত অভিযোগ নির্বাচন কমিশন কর্তৃক প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে এবং 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক ''অসদাচরণ (Misccnduct)'' হিসেবে গণ্য; যা শাস্তিযোগ্য অপরাধ।

০৩/৭/১৯

( শেখ ইউসুফ হারুন )
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**শৃঙ্খলা শাখা**

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২১.১৯-(৮৩) তারিখঃ ০৭/০৭/২০১৯ খ্রি.

বিষয়ঃ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক ব্যক্তিগত শুনানি।

সূত্রঃ (১) স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২১.১৯-৪৭ তারিখঃ ২৬/০৫/২০১৯ খ্রি.
(২) বেগম রেবেকা খাতুন, -এর গত ১৩/০৬/২০১৯ খ্রি. তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, ডা: রাজীব দেবনাথ, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) রাজনগর, মৌলভীবাজার -এর বিরুদ্ধে "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮"-এর বিধি-৩ এর দফা (খ)ও (গ) মোতাবেক **'অসদাচরণ (Misconduct)'** ও পলায়ন (Desertion)-এর দায়ে গত ২৬/০৫/২০১৯ খ্রি. তারিখের ৪৭ নম্বর স্মারকে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানি আগামী ১৬/০৭/২০১৯খ্রি: তারিখ দুপুর ১১.০০ ঘটিকায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস কক্ষে (কক্ষ নং-৩১১, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) গ্রহণ করা হবে।

২। প্রয়োজনীয় সাক্ষ্য-প্রমাণসহ নির্ধারিত তারিখ ও সময়ে শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৬৬২

ডা: রাজীব দেবনাথ,
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)
রাজনগর, মৌলভীবাজার

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২২.১৯- তারিখঃ ০৭/০৭/২০১৯ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(সংশ্লিষ্ট নথি-পত্রসহ একজন উপযুক্ত কর্মকর্তাকে উল্লিখিত শুনানিতে প্রেরণের অনুরোধসহ)।
২। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(সংশ্লিষ্ট কর্মকর্তাকে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের [illegible] অনুরোধ [illegible] (savaru fpo@gmail.com)]।
৫। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মৌলভীবাজার।
৬. অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। যুগ্মসচিব (শৃঙ্খলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।

০৭.০৭.১৯
(মোহাম্মদ আলী)
সহকারী সচিব

C:\Users\Sabbir\Desktop\Office\Discipline\Letter.docx